দৈনিক
ইত্তেফাক

08 APR 2018
তারিখ ...
পৃষ্ঠা ...১৫... কলাম... ২.....

# বৃহস্পতিবারের পরীক্ষার উত্তর পত্র শনিবার হল থেকে উদ্ধার তিন শিক্ষককে শোকজ

■ আমতলী (বরগুনা) সংবাদদাতা

চলমান এইচএসসি বৃহস্পতিবারের ইংরেজি প্রথম পত্রের পরীক্ষার উত্তর পত্র শনিবার সকালে আমতলী সরকারি কলেজ কেন্দ্রের ১০২ নম্বর কক্ষ থেকে উদ্ধার করেছে পরীক্ষার্থীরা। এ ঘটনায় ওই কক্ষে দায়িত্বরত তিন শিক্ষককে অব্যাহতিসহ শোকজ করা হয়েছে।

পরীক্ষার ভারপ্রাপ্ত হল সচিব বকুল নেছা মহিলা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. মজিবুর রহমান বলেন, ভুলবশত এটি হয়েছে এবং কর্তব্যে অবহেলার দায়ে তিন শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। তিনি আরো বলেন, বরিশাল শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের নির্দেশে উদ্ধার উত্তর পত্রটি আমি নিজে নিয়ে যাব।

এদিকে বরিশাল শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মো. আনোয়ারুল আজিমের সঙ্গে কথা বলতে চাইলে তিনি অপরিচিত লোকের সঙ্গে কোনো কথা বলবেন না বলে জানান।

আমতলী উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. সরোয়ার হোসেন বলেন, খবর পেয়ে কেন্দ্রে উপস্থিত হয়ে ঘটনার সত্যতা পেয়েছি। বৃহস্পতিবার ওই কেন্দ্রে দায়িত্ব পালনকারী তিন শিক্ষক তাদের দায়িত্ব পালনে চরম অবহেলা করেছে। অবহেলার দায়ে আমতলী সরকারি কলেজের প্রভাষক সাইফুর রহমান এবং টিয়াখালী কলেজের সাইফুল ইসলাম ও তৌহিদুল ইসলামকে চলমান পরীক্ষা থেকে অব্যাহতি ও শোকজ করা হয়েছে। এছাড়া উদ্ধার করা উত্তর পত্রটি ভারপ্রাপ্ত কেন্দ্র সচিব মো. মজিবুর রহমানকে বোর্ডে পৌছে দেওয়ার জন্য বলা হয়েছে। যাতে পরীক্ষার্থীর কোনো সমস্যা না হয় সে বিষয়ে আমরা ব্যবস্থা নেব।